গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী পরিচালকের কার্যালয়
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
সিলেট।

সহকারী পরিচালকের দপ্তর, সিলেট এর কর্মসম্পাদন ব্যবস্থাপনা কমিটি ও নৈতিকতা উপকমিটির নভেম্বর-২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ-

সভাপতি : মো: শফিকুল ইসলাম ভূঞা
সহকারী পরিচালক(চঃ দাঃ)
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট ও টিম প্রধান

সভার তারিখ ও সময় : ২৩/১১/২০২১ খ্রিঃ ও ১০:০০ ঘটিকা।
স্থান : সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট এর সম্মেলন কক্ষ।
সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা : পরিশিষ্ট-'ক'।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলের সাথে কুশল বিনিময়ের পর ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পান বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। সভায় সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা স্বাপেক্ষে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | বিষয় | গৃহীত সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | ওয়েবসাইট হালনাগাদকরণ | প্রত্যেক দপ্তরের সংশ্লিষ্ট ওয়েবসাইটের নির্ধারিত কন্টেন্টে ত্রৈমাসিক প্রতিবেদনসহ অন্যান্য কার্যক্রম বাস্তবায়ন সংশ্লিষ্ট তথ্যাবলি নির্দিষ্ট সময়ের মধ্যে আপলোড নিশ্চিত করবে। এতদ্‌বিষয়ে অব্যবহিত উর্ধ্বতন কার্যালয় কর্তৃক নিয়মিত মনিটরিং করতে হবে। | উপ সহকারী পরিচালক |
| ২. | বার্ষিক কর্মসম্পাদন চূক্তির প্রমাণক সংগ্রহ | বার্ষিক কর্মসম্পাদন চূক্তির বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করে সকল কার্যক্রমের প্রমাণক যথাযথভাবে সংগ্রহপূর্বক সংরক্ষণ করতে হবে। বিশেষ করে শিক্ষা প্রতিষ্ঠানে প্রশিক্ষণ ও মহড়া পরিচালনার প্রমাণক হিসেবে শিক্ষা প্রতিষ্ঠানের সভাপতি/প্রধান শিক্ষক/অভিভাবক ও শিক্ষার্থীর স্বাক্ষরসহ মোবাইল নম্বর সংগ্রহ করতে হবে। | উপ সহকারী পরিচালক এবং সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসার |
| ৩. | বিভিন্ন সভা আয়োজন ও সিদ্ধান্ত বাস্তবায়ন | সকল দপ্তরে নৈতিকতা কমিটির সভাসহ অন্যান্য সভা নিয়মিত আয়োজন করতে হবে এবং শুদ্ধাচার কর্মপরিকল্পনার বিভিন্ন কার্যক্রম আলোচনা পূর্বক গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করতে হবে। | উপ সহকারী পরিচালক (সকল) |
| ৪. | অভ্যন্তরীণ অডিট পরিচালনা | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরসহ মাঠ পর্যায়ের দপ্তর সমূহের স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিতকরণের লক্ষ্যে সকল দপ্তরসমূহে অভ্যন্তরীন অডিট পরিচালনা করতে হবে। | উপ সহকারী পরিচালক (সকল) |
| ৫. | শাখা/অধিশাখা ও আওতাধীন অধস্থন কার্যালয় পরিদর্শন | উপসহকারী পরিচালকগণ অধিদপ্তরের স্থায়ী আদেশ অনুযায়ী অধ:স্থন কার্যালয় সমূহ নিয়মিত পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করতে হবে। | উপ সহকারী পরিচালক (সকল) |
| ৬. | অন্যান্য কর্মপরিকল্পনাসমূহের লক্ষ্যমাত্রা অর্জন | ২০২১-২০২২ কর্মসম্পাদন চুক্তির সাসে সম্পর্কিত (শুদ্ধাচার, ই-গভর্ন্যান্স/উদ্ভাবন, তথ্য অধিকার, অভিযোগ প্রতিকার, সেবা প্রদান প্রতিশ্রুতি) অন্যান্য কমর্পরিকল্পনা অন্তর্ভূক্ত কার্যক্রমসমূহ নির্ধারিত সময়ের মধ্যে শতভাগ অর্জনের প্রয়োজনীয় পদ্রক্ষেপ গ্রহন করতে হবে। | উপ সহকারী পরিচালক এবং ওয়্যারহাউজ ইন্সপেক্টর সকল |
| ৭. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অর্জন | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে অন্তর্ভূক্ত কার্যক্রম সমুহ নির্ধারিত সময়ে শতভাগ লক্ষ্যমাত্রা অর্জন গ্রহন করতে হবে। এ লক্ষ্যে লক্ষ্যমাত্রার কোয়ার্টার অনুযায়ী বিভাজন পূর্বক অর্জন নিশ্চিতের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপ সহকারী পরিচালক এবং ওয়্যারহাউজ ইন্সপেক্টর সকল |
| ৮. | অন্যান্য কর্মপরিকল্পনাসমূহের লক্ষ্যমাত্রা অর্জন | ২০২১-২০২২ কর্মসম্পাদন চুক্তির সাসে সম্পর্কিত (শুদ্ধাচার, ই-গভর্ন্যান্স/উদ্ভাবন, তথ্য অধিকার, অভিযোগ প্রতিকার, সেবা প্রদান প্রতিশ্রুতি) অন্যান্য কমর্পরিকল্পনা অন্তর্ভূক্ত কার্যক্রমসমূহ নির্ধারিত সময়ের মধ্যে শতভাগ অর্জনের প্রয়োজনীয় পদ্রক্ষেপ গ্রহন করতে হবে। | উপ সহকারী পরিচালক এবং ওয়্যারহাউজ ইন্সপেক্টর সকল |

| | | | |
|---|---|---|---|
| ৯. | ই-নথি ব্যবহার | আওতাধীন দপ্তর সমূহের ন্যুনতম ৮০% ই-নথি ব্যবহারের লক্ষ্যমাত্রা রয়েছে। উক্ত সকল দপ্তরে ই-নথি ব্যবহার নিশ্চিত করতে হবে। প্রয়োজনে ই-নথি বিষয়ক প্রশিক্ষনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ সহকারী পরিচালক |
| ১০. | স্থাবর ও অস্থাবর সম্পত্তি হালনাগাদ করণ | সে সকল দপ্তর/স্টেশনের স্থাবর ও অস্থাবর সম্পত্তির নামজারি সংক্রান্ত সমস্যা রয়েছে সেগুলি সমাধানের জন্য স্ব-শরীরে সংশ্লিষ্ট ভূমি অফিসসহ অন্যান্য দপ্তরে যোগাযোগ করে হালনাগাদ করণের ব্যবস্থা করতে হবে। প্রতি ৩ মাস অন্তর অন্তর প্রতিবেদন প্রেরণ করতে হবে। | উপ সহকারী পরিচালক ও সিনিয়র/স্টেশন অফিসার সকল |
| ১১. | কর্ম পরিবেশ উন্নয়ন | এ দপ্তরের আওতাধীন সকল কার্যালয়ের কর্ম পরিবেশ উন্নয়নের লক্ষ্যে অফিস কম্পাউন্ড সমূহের পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি, যথাসময়ে অফিসে উপস্থিতিসহ কর্ম সম্পাদন করা। সেবাগ্রহিতাদের মতামত প্রদানের জন্য রেজিষ্টার চালু করতে হবে। | উপ সহকারী পরিচালক |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ শফিকুল ইসলাম ভূঞা
সহকারী পরিচালক (চঃ দাঃ)
ফোন-০২৯৯৬৬৪৩৩৩০।

স্মারক নং-৫৮.০৩.৬০৯১.০০২.০৫.১৮৮.১৬-২১৮৭

তারিখঃ ১৪/০৮/১৪২৮
২৯/১১/২০২১

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। মহোদয়ের সদয় অবগতির জন্য।
২। উপ পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট বিভাগ, সিলেট।

**বিতরণঃ (জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় কার্যার্থে )**

১। উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট/মৌলভীবাজার/হবিগঞ্জ/সুনামগঞ্জ।
২। সিনিয়র ষ্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, সিলেট/হবিগঞ্জ।
৩। ওয়্যার হাউজ ইন্সপেক্টর-১ / ২ / ৩ / ৪ / ৫ / ৬, সহকারী পরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট।
৪। স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, ................................ (সকল)।
৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বিভাগীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট।
৬। জনাব ...................................., .................. ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স দপ্তর/স্টেশন, ......................।

২৯/১১/২০২১

মোঃ শফিকুল ইসলাম ভূঞা
সহকারী পরিচালক (চঃ দাঃ)
ফোন-০২৯৯৬৬৪৩৩৩০।